সংবাদ

তারিখ : 25 MAR 2009
পৃষ্ঠা ...... কলাম ......

# শিক্ষাঙ্গনবিরোধী চক্রান্ত রোধে শিক্ষক কর্মচারী ফ্রন্টের ৫ দিনের কর্মসূচি

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষাঙ্গনসহ সমাজের বিভিন্ন স্তরে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টা রোধে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট ৫ দিনের কর্মসূচি ঘোষণা করেছে। কর্মসূচি অনুযায়ী আগামী ২৯ মার্চ জেলা সদরে মানববন্ধন, ৩১ মার্চ ঢাকায় মানববন্ধন, ৩ থেকে ৫ এপ্রিল বিভাগীয় সদরে সর্বস্তরের মানুষকে নিয়ে নাগরিক সভা অনুষ্ঠিত হবে।

গতকাল মঙ্গলবার সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফ্রন্টের নেতারা এই কর্মসূচি ঘোষণা করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক-কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। এ সময় অন্যান্যের মধ্যে কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মো. শাহজাহান, কারিগরি কলেজ শিক্ষক সমিতির অধ্যক্ষ এম এ সাত্তার, শিক্ষক সমিতির ( কামরুজ্জামান) সভাপতি বিলকিস জামান, সংযুক্ত শিক্ষক পরিষদের সভাপতি মাহবুব-উল আলম তালুকদার, শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের মহাসচিব এম আরজু, অধ্যক্ষ সাইদুল রহমান, অধ্যক্ষ নুরুননবী সিদ্দিকী, অধ্যাপক নজরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেন, আমরা শিক্ষক ও ছাত্র কারোর অনভিপ্রেত আচরণকে সমর্থন করি না।

তিনি বলেন, গণতান্ত্রিক ব্যবস্থাকে বিপন্ন ও জাতীয় প্রতিরক্ষাকে দুর্বল করতে, বিডিআরে সংঘটিত বিপুল সংখ্যক সেনা-কর্মকর্তার নৃশংস হত্যার ঘটনার তদন্ত শেষ হতে না হতেই নতুন করে বিশৃঙ্খলা সৃষ্টির চক্রান্ত চলছে।